

তারিখ ১০ শিক্ষার্থী পেলেন সুমিতমো বৃত্তি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯-২০০০
শিক্ষাবর্ষের ১০ শিক্ষার্থী 'সুমিতমো
কর্পোরেশন' বৃত্তি লাভ করেছেন।
বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও
ইন্সটিটিউটে প্রথম বর্ষের পরীক্ষায় তারা
কৃতিত্বপূর্ণ ফলাফল করার কারণে তাদের
এ পুরস্কার দেয়া হয়।
গতকাল প্রশাসনিক ডবনের কনফারেন্স
রুমে এক অনুষ্ঠানের মাধ্যমে জাপানের
সুমিতমো কর্পোরেশনের বাংলাদেশের
ম্যানেজার ই. কাটো বিজয়ীদের মাঝে
পুরস্কার বিতরণ করেন। এ সময় উপাচার্য
অধ্যাপক এসএমএ ফায়েজ, উপ-উপাচার্য
অধ্যাপক আফ ম ইউসুফ হায়দার এবং
কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান
উপস্থিত ছিলেন। পুরস্কৃতরা হলেন-
জেনিয়া আফরোজ (ইংরেজি বিভাগ),
বিশ্বজিৎ বসাক (অর্থনীতি), মাহমুদুল
হাসান ফৌজি (মার্কেটিং), আসিফ মাহমুদ
(অণুজীব বিজ্ঞান), শামসাদ সুলতানা
কানন (ফার্মেসি), মুর্শেদ আলম (আইন),
এটিএম শামীমুজ্জামান (ব্যবসায় প্রশাসন),
মোঃ শহীদুজ্জামান (কম্পিউটার সায়েন্স),
মুনিরা শাহনাজ আতিকুল্লাহ (ফলিত পদার্থ
ও ইলেক্ট্রনিক্স বিভাগ)।